গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ধানমন্ডি, ঢাকা -১২০৫
www.naem.gov.bd

স্মারক-নং ৩৭.০৪.২৬৬৩.৪০১.০৬.০২১.১৭/

১৯/০৩/১৪২৯ বঙ্গাব্দ
তারিখ: --------------------------
০৩/০৭/২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: অভিযোগ প্রতিকার বিষয়ে ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২২) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর অভিযোগ প্রতিকার বিষয়ে ২০২১-২০২২ অর্থ বছরের কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২২) অগ্রগতি প্রতিবেদন এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

০৩/৭/২০২২

**(প্রফেসর ড. মো. নিজামুল করিম)**
মহাপরিচালক, নায়েম
ফোন: ৫৫১৬৭৫২৯
e-mail:info@naem.gov.bd

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: জনাব আক্তার উননেছা শিউলী, উপসচিব (সংসদ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়]

[প্রতিবেদন এবং প্রমাণক সংযুক্ত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ধানমন্ডি, ঢাকা -১২০৫
www.naem.gov.bd

## সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২
## বাস্তবায়ন প্রতিবেদন (৪র্থ ত্রৈমাসিক)

| কর্মসম্পাদন সূচক/কার্যক্রম | মান | লক্ষ্যমাত্রা | অর্জন (২য় ত্রৈমাসিক) | মন্তব্য |
|---|---|---|---|---|
| {১.১.১} অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদ করা ও ওয়েবসাইটে আপলোড করা | ৫ | ৫ | ৫ | ওয়েবসাইটে আপলোড করা হয়েছে |
| {২.১.১} অভিযোগ নিষ্পত্তি করা | ৮ | ৯০% | ৯০% | ১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। |
| {২.২.১} অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | ৫ | ৪টি | ৪টি | ২য় প্রান্তিকে প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন হয়েছে। |
| {২.৩.১} ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ | ৩ | ৪টি | ৪টি | প্রেরিত |
| {২.৪.১} অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | ৪ | ২টি | ২টি | ২টি সভা আয়োজন সম্পন্ন হয়েছে |

(মো. খোরশেদ আলম)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম
ও
সদস্য সচিব
অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত
কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
ফোন: ০১৭১২০৪৬৩৯৯
e-mail:mkhorshed8183@gmail.com

সংযুক্তি-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং ৩৭.০৪.২৬৬৩.৪০১.৪৬.০২১.২১- ৮২০

তারিখ: ২৬/০৮/১৪২৮ব.
২৮/১১/২০২১খ্রি.

## অফিস আদেশ

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর টিচার ট্রেইনার জনাব মোঃ শফিউল্লাহ কর্তৃক উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ শহীদুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা যাচাই এর জন্য এ একাডেমির নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| ০১ | প্রফেসর এস এম রবিউল ইসলাম, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম, ঢাকা। | সভাপতি |
| ০২ | জনাব মোয়াজ্জেম হোসেন সেলিম, প্রশিক্ষণ বিশেষজ্ঞ,নায়েম, ঢাকা। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ খোরশেদ আলম, প্রশিক্ষণ বিশেষজ্ঞ,নায়েম, ঢাকা। | সদস্য-সচিব |

২। উক্ত কমিটি আদেশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)
মহাপরিচালক
ফোন: ৫৫১৬৭৫২৯
e-mail: info@ naem.gov.bd

নং ৩৭.০৪.২৬৬৩.৪০১.৪৬.০২১.২১- ৮২০ (৫)

তারিখ: ২৬/০৮/১৪২৮ব.
২৮/১১/২০২১খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১ প্রফেসর এস এম রবিউল ইসলাম, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম, ঢাকা।
০২ জনাব মোঃ খোরশেদ আলম,প্রশিক্ষণ বিশেষজ্ঞ,নায়েম, ঢাকা।
০৩ জনাব মোয়াজ্জেম হোসেন সেলিম, প্রশিক্ষণ বিশেষজ্ঞ,নায়েম, ঢাকা।
০৪ মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা
০৫ অফিস নথি।

(মোঃ আসাদুজ্জামান)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) (রুটিন দায়িত্ব)

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ কর্মরত টিচার ট্রেইনার জনাব মোঃ শফিউল্লাহ কর্তৃক উপ-পরিচালক জনাব মোঃ শহীদুল ইসলামের বিরুদ্ধে দায়েরকৃত আর্থিক অনিয়ম, দুর্নীতি এবং আপত্তিকর আচরণের অভিযোগের বিষয়ে তদন্ত কমিটির প্রতিবেদন-

মহাপরিচালক, নায়েম এর স্মারক নং-৩৭.০৪.২৬৬৩.৪০১.৪৬.০২১.২১-৮২০, তারিখঃ ২৮.১১.২০২১খ্রি. মোতাবেক উপযুক্ত বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয় (সংযুক্তি-১)। তদন্ত কমিটি তদন্ত কার্যের প্রারম্ভে বিগত ৩০.১২.২০২১খ্রি. তারিখ একটি সভায় মিলিত হয়ে তদন্ত কার্যক্রমটি এগিয়ে নিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করে-

১। জনাব মোঃ শফিউল্লাহ, টিচার ট্রেইনার, নায়েম এর ব্যক্তিগত শুনানি এবং লিখিত বক্তব্য গ্রহণ করা;

২। জনাব মোঃ শহীদুল ইসলাম, উপপরিচালক, নায়েম এর ব্যক্তিগত শুনানি এবং লিখিত বক্তব্য গ্রহণ করা;

৩। তদন্ত কার্যের সুবিধার্থে ৪৪তম স্যাটেলাইট প্রশিক্ষণ কোর্স চিতলমারী, বাগেরহাট কেন্দ্রে ব্যয়িত বিল/ভাউচার যাচাই করার জন্য নায়েম এর হিসাব শাখা থেকে একটি কপি সংগ্রহ করা।

উল্লিখিত সিদ্ধান্তের আলোকে কমিটি উভয়কে ব্যক্তিগত শুনানি এবং লিখিত বক্তব্য প্রদানের জন্য বিগত-০৫/০১/২০২২খ্রি. তারিখ চিঠি প্রদান করে (সংযুক্তি-২)। বিগত ১১/০১/২০২২খ্রি. তারিখ জনাব শহীদুল ইসলাম ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ এবং লিখিত বক্তব্য প্রদান করেন (সংযুক্তি-৩)। ঐ একই তারিখে জনাব মোঃ শফিউল্লাহ ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন। জনাব মোঃ শহীদুল ইসলামের বিরুদ্ধে দায়েরকৃত অভিযোগ পত্রটিকেই তিনি তাঁর লিখিত বক্তব্য হিসেবে গ্রহণ করার অনুরোধ করেন। তদুপরি তিনি আরো কিছু বক্তব্য ই-মেইলে প্রেরণ করবেন বলে তদন্ত কমিটিকে অবহিত করেন। বিগত ২০ জানুয়ারি ২০২২খ্রি তারিখ তাঁর ই-মেইল বার্তাটি কমিটির হস্তগত হয়। ঐ একই তারিখে তিনি তাঁর স্বাক্ষরিত চিলমারী, বাগেরহাট কেন্দ্রে ব্যয়িত টাকার বিল ভাউচারের কপি কমিটির নিকট হস্তান্তর করেন।

<u>জনাব মোঃ শফিউল্লাহ, টিচার ট্রেইনার, নায়েম এর ব্যক্তিগত শুনানি এবং লিখিত বক্তব্যের বিশ্লেষণ:</u>

১। ৪৪তম স্যাটেলাইট ট্রেনিং কোর্স, চিতলমারী, বাগেরহাট কেন্দ্রের অব্যয়িত টাকা নায়েম এর হিসাব শাখায় জমা দিতে গেলে জনাব মোঃ শহীদুল ইসলাম তাঁকে বাধা প্রদান করেন এবং দায়িত্বরত ক্যাশিয়ারকে বিল ভাউচার জমা নিতে তিনি নিষেধ করেন।

২। তাঁর লিখিত অভিযোগে আর্থিক অনিয়মের সঠিক চিত্র পাওয়া যায়নি। তিনি তাঁর অভিযোগ পত্রে ১০০০০/- থেকে ১১০০০/- টাকা অব্যয়িত থাকার কথা উল্লেখ করেন। আর্থিক বিষয়ে অভিযোগটি আরো সুস্পষ্ট হওয়া বাঞ্চনীয় ছিল।

Received
09.02.2022

৩। তিনি তাঁর লিখিত অভিযোগ পত্রে এবং ই-মেইল বার্তায় জনাব মোঃ শহীদুল ইসলাম তাঁকে 'তুই' বলে সম্বোধন করার বিষয়টি উল্লেখ করেন (সংযুক্তি-৪)।

৪। জনাব মোঃ শফিউল্লাহ তাঁর ই-মেইল বার্তায় বর্ণিত কোর্সে জনাব মোঃ শহীদুল ইসলামের আর্থিক ব্যয়ের বিষয়টিকে অনৈতিক, অস্বচ্ছ এবং অসৎ বলে উল্লেখ করেন।

৫। ব্যক্তিগত শুনানিতে জনাব মোঃ শফিউল্লাহ বলেন, উল্লিখিত কোর্সের বাজেটের ক্রমিক নং ২ (অতিথি বক্তার আপ্যায়ন) এবং ০৩ (উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে অতিথি আপ্যায়ন) এ বরাদ্দকৃত টাকা জনাব মোঃ শহীদুল ইসলাম তাঁর নিজের কাছে রেখে দেন। কাজেই উল্লিখিত খাতে বরাদ্দকৃত টাকা অব্যয়িত ছিল (সংযুক্তি-৫)।

৬। জনাব মোঃ শহীদুল ইসলাম হিসাব শাখায় যে সমস্ত বিল/ভাউচার দাখিল করেছেন সেগুলোর মধ্যে তাঁর (মোঃ শফিউল্লাহ) স্বাক্ষরবিহীন ভাউচার গুলো জনাব মোঃ শহীদুল ইসলাম সৃজিত বলে মনে হয়েছে।

৭। চিতলমারী, বাগেরহাট ভেন্যুর অব্যয়িত টাকা নায়েমের হিসাব শাখায় জমা দেয়ার জন্য ফাইল উত্থাপনে সমন্বয়ক হিসেবে তাঁকে উপেক্ষা করে অন্য ভেন্যুর সমন্বয়ক জনাব মোঃ নুরুল ইসলামের নাম ব্যবহার করা হয়েছে (সংযুক্তি-৬)।

<u>জনাব মোঃ শহীদুল ইসলাম, উপপরিচালক, নায়েম-এর ব্যক্তিগত শুনানি এবং লিখিত বক্তব্যের বিশ্লেষণ:</u>

১। জনাব মোঃ শহীদুল ইসলাম তাঁর লিখিত বক্তব্যে বাজেটের ০৩, ০৮, ০৯ এবং ১০নং খাতের টাকা তার নিজের কাছে রাখেন বলে উল্লেখ করেন (সংযুক্তি-৭)।

২। বাজেটের ৩নং খাতের ৮০০০/- (আট হাজার টাকা) উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানের অতিথি আপ্যায়নের জন্য অনুমোদিত হয়। উল্লিখিত টাকা চিতলমারী, বাগেরহাট কেন্দ্রের দায়িত্বে থাকা কোর্স সমন্বয়ক জনাব মোঃ শফিউল্লাহর নিকট হস্তান্তর না করে জনাব মোঃ শহীদুল ইসলাম নিজের কাছে রাখেন।

৩। চিতলমারী, বাগেরহাট কেন্দ্রে উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে জনাব মোঃ শহীদুল ইসলাম, উপপরিচালক নায়েম উপস্থিত ছিলেন না। ফলে উল্লিখিত দুটি অনুষ্ঠানের জন্য অনুমোদিত ৮০০০/-(আট হাজার টাকা) অব্যয়িত থাকার কথা।

৪। জনাব মোঃ শহীদুল ইসলাম তাঁর লিখিত বক্তব্যে জনাব মোঃ শফিউল্লাহ, টিচার ট্রেইনার, নায়েমকে 'তুই' বলে সম্বোধন করার বিষয়টি অস্বীকার করেন।

তদন্ত কমিটির মতামত:

১। জনাব মোঃ শহীদুল ইসলাম উপপরিচালক, নায়েম চিতলমারী, বাগেরহাট কেন্দ্রের ব্যয়িত টাকার বিল/ভাউচার সমন্বয় করার ক্ষেত্রে উল্লিখিত কেন্দ্রের দায়িত্বে থাকা সমন্বয়ক জনাব মোঃ শফিউল্লাহকে সম্পৃক্ত করেননি। তিনি বিল/ভাউচার সমন্বয়ের ক্ষেত্রে অন্য ভেন্যুর কোর্স সমন্বয়কের মাধ্যমে ফাইল উত্থাপন করেন । উক্ত কাজের মাধ্যমে জনাব মোঃ শহীদুল ইসলাম নথি শৃঙ্খলার ব্যত্যয় ঘটিয়েছেন।

২। চিতলমারী, বাগেরহাট কেন্দ্রে ব্যয়িত টাকার অধিকাংশ বিল/ভাউচারে জনাব মোঃ শফিউল্লাহর স্বাক্ষর রয়েছে। কিন্তু ভাউচার ২, ৩.১, ৩.২ এবং ভাউচার ১০ এ তাঁর স্বাক্ষর নেই। (সংযুক্তি-৮)।

৩। মৌখিক শুনানিতে জনাব মোঃ শফিউল্লাহ বাজেটের ২নং এবং ৩নং ক্রমিকে যথাক্রমে ২৪০.০০ (দুইশত চল্লিশ টাকা) এবং ৮০০০/-(আট হাজার টাকা) অব্যয়িত থাকার বিষয়টি উল্লেখ করেন। অব্যয়িত ৮২৪০/- (আট হাজার দুইশত চল্লিশ) টাকার ৩টি ভাউচার (ভাউচার ২, ৩.১, ৩.২) জনাব মোঃ শহীদুল ইসলাম সৃজন করেছেন যেগুলোতে কোর্স সমন্বয়ক জনাব মোঃ শফিউল্লাহর স্বাক্ষর নেই। কাজটিতে আর্থিক শৃঙ্খলার ব্যত্যয় ঘটেছে বলে কমিটি মনে করে।

৪। উল্লিখিত কেন্দ্রে ব্যয়িত টাকা ২১টি বিল/ভাউচার এর মাধ্যমে সমন্বয় করা হয়েছে যার মধ্যে মাত্র ৪(চার) টি বিল/ভাউচারে কোর্স পরিচালক জনাব মোঃ শহীদুল ইসলামের স্বাক্ষর রয়েছে। বিধি মোতাবেক সমস্ত বিল/ভাউচারে কোর্স পরিচালকের স্বাক্ষর না থাকাটা একটি অনিয়ম বলে কমিটির নিকট প্রতীয়মান হয়েছে।

৫। জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর টিচার ট্রেইনার জনাব মোঃ শফিউল্লাহ কর্তৃক উপ-পরিচালক জনাব মোঃ শহীদুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি প্রাথমিক ভাবে সত্য বলে প্রতীয়মান হয়েছে।

| | | |
|---|---|---|
| 06/02/2022 | 06/02/2022 | 06/02/2022 |
| মোয়াজেম হোসেন সেলিম | মোঃ খোরশেদ আলম | প্রফেসর এস এম রবিউল ইসলাম |
| প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম | প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম | প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম |
| ও | ও | ও |
| সদস্য তদন্ত কমিটি | সদস্য সচিব, তদন্ত কমিটি | আহবায়ক, তদন্ত কমিটি |

# অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা

তিথি : প্রফেসর ড. শাহ মোঃ আমির আলী
পরিচালক (প্রশাসন ও অর্থ), নায়েম

তিথি : প্রফেসর ড. তাহসিনা আক্তার
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম

: প্রফেসর ড. মোঃ নিজামুল করিম
মহাপরিচালক, নায়েম

তারিখ: ০৭ জুন ২০

## জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫

স্মারক-নং-নায়েম/৩৭.০৪.২৬৬৩.৪০১.৪৬.০২১.২১/ ৬২৭৮ তারিখ: ১৫/০৩/১৪২৯ বঙ্গাব্দ
২৯/০৬/২০২২ খ্রিস্টাব্দ

**অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী**

সভা অনুষ্ঠানের তারিখ: ০৭.০৬.২০২২ খ্রি.
সময়: ৩:৩০ টা

সভার স্থান : এসএসসিইএম প্রশিক্ষণ কক্ষ, ৩য় তলা
একাডেমিক ভবন, নায়েম, ঢাকা

নায়েম অংশীজনদের অংশগ্রহণে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভার সভাপতি প্রফেসর ড. মোঃ নিজামুল করিম, মহাপরিচালক, নায়েম মহোদয়ের সভাপতিত্বে ০৭.০৬.২০২২খ্রি. মঙ্গলবার দুপুর ৩:৩০ টায় এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণকারী সম্মানিত কর্মকর্তাবৃন্দ এবং অংশীজনের তালিকা সংযুক্ত।

**আলোচনা ও মতামত:**

১। মত বিনিময় সভায় প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে নায়েম এর সম্মানিত পরিচালক (প্রশাসন ও অর্থ), প্রফেসর ড. শাহ্ মোঃ আমির আলী ও পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) প্রফেসর ড. তাহসিনা আক্তার। সভায় অংশীজনদের মধ্যে ৩৪তম অফিস ব্যবস্থাপনা-এর ২৯ জন প্রশিক্ষণার্থী এবং কোর্স সংশ্লিষ্ট নায়েম কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এই সভাটি সঞ্চালনা করেন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য জনাব মাহমুদুল আমিন, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম।

২। সভার শুরুতে বিশেষ অতিথি প্রফেসর ড. তাহসিনা আক্তার, পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম অভিযোগ প্রতিকার বিষয়ে আলোচনা করেন। সভার প্রধান অতিথি প্রফেসর ড. শাহ্ মোঃ আমির আলী নায়েম এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে বিশদ আলোচনা করেন ও অংশীজনদের অবহিতকরণ সভার গুরুত্বারোপ করে নায়েম এর সকল কর্মকান্ডের মানোন্নয়নসহ সার্বিক উন্নয়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের কথা বলেন।

৩। এরপর অংশীজন হিসেবে বর্ণিত কোর্সের প্রশিক্ষণার্থীগণ তাঁদের অভিজ্ঞতায় নায়েমে বিদ্যমান পরিস্থিতি সম্পর্কে বিভিন্ন মতামত/পরামর্শ প্রদান করেন।

| আইডি | নাম, পদবী ও ঠিকানা | অভিযোগ/মতামত/পরামর্শ |
|---|---|---|
| ০১ | জনাব নাজমুল আহসান খান, সহকারী অধ্যাপক গভঃ ফজলুল হক কলেজ, বানারীপাড়া, বরিশাল | নায়েম লাইব্রেরিতে সম্প্রতিকালে প্রকাশিত বই এবং জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক বই রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। |
| ০২ | মোঃ সফিউল আলম, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান, পটুয়াখালী, গভঃ মহিলা কলেজ, পটুয়াখালী | কোর্স কনটেন্ট পরিমার্জন করার পরামর্শ প্রদান করেন। চতুর্থ শিল্প বিপ্লব এবং ব্লেন্ডেড এডুকেশন এর মত আধুনিক বিষয়গুলো সংযোজনের পরামর্শ দেন। |
| ০৩ | মোহাম্মদ মনিরুজ্জামান, সহকারী অধ্যাপক, বাংলা, গাজীপুর গভঃ মহিলা কলেজ, গাজীপুর | কোর্সে মূল্যায়ন পদ্ধতির সংস্কার করার পরামর্শ প্রদান করেন। |

৪। সভাপতি প্রফেসর ড. মোঃ নিজামুল করিম, মহাপরিচালক, নায়েম উল্লিখিত মতামত/পরামর্শসমূহ খুবই গুরুত্বের সহিত বিবেচনা করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার আশ্বাস দেন। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্মারক-নং-নায়েম/৩৭.০৪.২৬৬৩.৪০১.৪৬.০২১.২১/ ৬২৭৮(২) তারিখ: ১৫/০৩/১৪২৯ বঙ্গাব্দ
২৯/০৬/২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, পরি ও উন্ন./প্রশি: ও বাস্ত/গবে ও তথ্যা/প্রশা ও অর্থ), নায়েম, ঢাকা;
২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), নায়েম, ঢাকা;
৩। (মো: আসাদুজ্জামান, সহকারী পরিচালক (কমন সার্ভিস), নায়েম, ঢাকা;
৪। জনাব লুৎফর রহমান, উপপরিচালক (গবেষণা ও তথ্যায়ন), নায়েম, ঢাকা;
৫। জনাব মোঃ খোরশেদ আলম, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম;
৬। জনাব মাহমুদুল আমিন, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম;
৭। ড. মোসাম্মৎ তাহমিনা বেগম, সহকারী পরিচালক, নায়েম;
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০। অফিস নথি।

(মো: আসাদুজ্জামান)
সহকারী পরিচালক (কমন সার্ভিস), নায়েম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

তারিখ: ০৫-০৬-২০২২ খ্রি.

আগামী ০৬ জুন ২০২২ খ্রি. তারিখ সোমবার দুপুর ০২.৩০টায় **অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা** বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) পরিচালিত অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণের সাথে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে একাডেমিক ভবনের ৩য় তলায় এসএসসিইএম প্রশিক্ষণ কোর্সের শ্রেণিকক্ষে অনুষ্ঠিত।

## সভার উপস্থিতি

| ক্র নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | কোর্স পরিচালক, অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | |
| ২ | জনাব মো: খোরশেদ আলম, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও সদস্য-সচিব, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি; | |
| ৩ | জনাব মো: মাহমুদুল আমিন, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম ও সদস্য, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি; | |
| ৪ | জনাব মো: আসাদুজ্জামান, সহকারী পরিচালক (অর্থ), নায়েম ও সদস্য, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | |
| ৫ | ড. মোসাম্মৎ তাহমিনা বেগম, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), নায়েম ও সদস্য, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | |

০৬/৬/২২
উপ-পরিচালক
(প্রশাসন ও অর্থ)
ও
আহ্বায়ক, অভিযোগ প্রতিকার ব্যবস্থা
সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি


Government of the People's Republic of Bangladesh
National Academy for Educational Management (NAEM)
NAEM Road, Dhanmondi, Dhaka-1205

34th Office Management Training Course for Officers under MoE (Batch-34)
Duration: 01st -JUN-22 – 14th -JUN-22

**Attendance Sheet**

Date: 7 June, 2022

| ID No. | Name, Designation & Address | Session | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | 1st | 2nd | 3rd | 4th | 5th |
| 1 | Md Nazmul Hassan Khan<br>Assistant Professor, Political Science<br>Govt Fazlul Huq College<br>Banaripara, Barisal<br>M.No. | [signature] | | | | |
| 2 | Mohammad Mohiuddin Ali Azam<br>Assistant Professor, Botany<br>Govt Shaheed Abdur Rab Serniabat Degree College Agailjhara, Barishal<br>M.No. | [signature] | | | | |
| 3 | Molla Rafiqul Islam<br>Assistant Professor, Accounting<br>Govt Profullo Chandra College, Bagerhat<br>M.No. | [signature] | | | | |
| 4 | Fatimatuj Zohora<br>Lecturer, Political Science<br>Chhagalnaiya Government College, Feni<br>M.No. | [signature] | | | | |
| 5 | Md Saiful Alom<br>Assistant Professor, Political Science<br>Pataukhali Govt. Mahila College,Patuakhali<br>M.No. | [signature] | | | | |
| 6 | Shahana Parvin<br>Assistant Professor, Management<br>Dinajpur Govt College, Dinajpur<br>M.No. | [signature] | | | | |
| 7 | Ramanuj Acharjee<br>Lecturer, Bangla<br>Sunamganj Govt Womens College, Sunamganj<br>M.No. | [signature] | | | | |
| 8 | Md Sirazul Islam<br>Assistant Professor, Accounting<br>Narail Govt Victoria College, Narail<br>M.No. | [signature] | | | | |
| 9 | Dinesh Chandra Biswas<br>Assistant Professor, Sociology<br>Habiganj Govt Mohila College, Habiganj<br>M.No. | [signature] | [signature] | | | |
| 10 | Mohammad Monirujjaman<br>Assistant Professor, Bangla<br>Gazipur Govt Mohila College, Gazipur<br>M.No. | [signature] | [signature] | | | |
| 11 | Mohammad Gulam Mustafa<br>Assistant Professor, Physics<br>Govt Ashek Mahmud College, Jamalpur<br>M.No. | [signature] | | | | |

| ID No. | Name, Designation & Address | Session | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | 1st | 2nd | 3rd | 4th | 5th |
| 24 | A.T.M. Shahidul Alam<br>Assistant Professor, Management<br>Govt. Tolaram College. Narayanganj<br>M.No. |  | | | | |
| 25 | Kazi Rahimul Islam<br>Lecturer, History<br>Brahmanbaria Govt. College. Brahmanbaria<br>M.No. |  | | | | |
| 26 | Md. Ali Asraf<br>Assistant Professor, Accounting<br>Cumilla Govt. City College.Cumilla<br>M.No. |  | | | | |
| 27 | Md. Salim Sikder<br>Assistant Professor, English<br>Nawb Faijunnesa Govt. College. Cumilla<br>M.No. |  | | | | |
| 28 | Tapon Kumar Das<br>Assistant Professor, Management<br>Gurudayal Govt. College.Kishorganj<br>M.No. |  | | | | |
| 29 | Tithi Das<br>Lecturer, Statistics<br>Dhaka College . Dhaka<br>M.No. |  | | | | |